DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 12:00 AM

আইন-আদালত

# রাষ্ট্রদ্রোহ মামলায় ফ্যাসিস্ট হাসিনাসহ ২৮৬ জনের চার্জ শুনানি ৩০ সেপ্টেম্বর

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ১৫ জুলাই ২০২৬, ১২:৩৩ PM



জয় বাংলা ব্রিগেড’র জুম মিটিংয়ে অংশ নিয়ে অন্তর্বর্তী সরকারকে উৎখাত ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে অংশ নেওয়ার অভিযোগে করা মামলায় ক্ষমতাচ্যুত ফ্যাসিস্ট প্রধানমন্ত্রী, ফাঁসির দণ্ডপ্রাপ্ত শেখ হাসিনাসহ ২৮৬ জনের বিরুদ্ধে অভিযোগ গঠন শুনানির জন্য আগামী ৩০ সেপ্টেম্বর দিন ধার্য করেছেন আদালত।

মঙ্গলবার (১৪ জুলাই) ঢাকার অতিরিক্ত মহানগর দায়রা জজ মঈন উদ্দিন চৌধুরী শুনানির জন্য এদিন ধার্য করেন।

আদালত সূত্রে জানা যায়, আজ মামলায় অভিযোগ গঠন শুনানির দিন ধার্য ছিল। কারাগারে থাকা ২৪ জন আসামিকে এদিন আদালতে হাজির করা হয়।

এ সময় আসামিপক্ষে কয়েকজন চার্জশুনানির জন্য সময় আবেদন করেন। সেই আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারক শুনানির জন্য ৩০ সেপ্টেম্বর দিন ধার্য করেন।

গত ২৭ মার্চ শেখ হাসিনাসহ ৭৩ জনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগে আদালতে মামলাটি দায়ের করেন সিআইডির সহকারী পুলিশ সুপার (সাইবার ইনভেস্টিগেশন অ্যান্ড অপারেশন্স) মো. এনামুল হক। এরপর সিআরপিসির ১৯৬ ধারায় ক্ষমতাপ্রাপ্ত হয়ে সিআইডির এই কর্মকর্তাকে তদন্তের নির্দেশ দেন আদালত।

তদন্ত শেষে ২৮৬ জনকে অভিযুক্ত করে আদালতে প্রতিবেদন দাখিল করেন সিআইডির সহকারী পুলিশ সুপার মো. এনামুল হক।

প্রতিবেদনে আসামিদের বিরুদ্ধে রাষ্ট্রবিরোধী কাজে লিপ্ত থাকার বিষয়ে দণ্ডবিধির ১২১/১২১ক/১২৪ক ধারার অভিযোগ প্রাথমিক সত্যতা পাওয়া গেছে বলে উল্লেখ করা হয়। সেই প্রতিবেদন আমলে নিয়ে ২০২৫ সালের ১৪ আগস্ট আসামিদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন আদালত।

জানা যায়, ২০২৪ সালের ১৯ ডিসেম্বর জয় বাংলা ব্রিগেডর জুম মিটিংয়ে শেখ হাসিনাসহ অনেকে অংশগ্রহণ করে। এ সময় শেখ হাসিনা তার নেতাকর্মীদের কাছে দেশবিরোধী বক্তব্য দেন। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে উৎখাতের নির্দেশ দেন। এ বক্তব্য দেশে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।

---


এ বিভাগের আরও খবর



রামিসা হত্যা: দুই আসামির ডেথ রেফারেন্স হাইকোর্টের তালিকায়

রাজধানীর মিরপুরের পল্লবীতে সাত বছরের শিশু রামিসাকে ধর্ষণের পর হত্যার মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত দুই আসামি সোহেল রানা ও স্বপ্না খাতুনের আপিল ও...



কাকা, তুমি খালি বাইরে বাইরে থাকলে কেন: পরশকে কাদের

জুলাই গণ-অভ্যুত্থানে মানবতাবিরোধী অপরাধের মামলায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ সাত আসামির বিরুদ্ধে যুক্তিতর্ক উপস্থাপনের সময় ট...



### রামিসা হত্যা মামলার ডেথ রেফারেন্স ও আপিল শুনানির প্রস্তুতি সম্পন্ন

শিশু রামিসা ধর্ষণ ও হত্যা মামলার ডেথ রেফারেন্স ও আপিল শুনানির সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। ফেনীর মাদ্রাসাছাত্রী নুসরাত ও মাগুরার আছিয়া হত্যা...

---




### বাড়িঘর ব্যবসা প্রতিষ্ঠান পুড়িয়ে দেওয়ার নির্দেশ, হাসিনার ফোনালাপ ট্রাইব্যুনালে

জুলাইয়ে আন্দোলনকারীদের বাড়িঘর, ব্যবসা প্রতিষ্ঠান পুড়িয়ে দেয়ার নির্দেশনা সংক্রান্ত শেখ হাসিনার সঙ্গে ওবায়দুল কাদের ও হাছান মাহমুদের ফোনালাপ ট...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/law-court/rashtrdroh-mamlay-fjasist-hasinash-286-jner-charj-shunani-30-septembr